রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, আগস্ট ১৮, ২০২৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রধানমন্ত্রীর কার্যালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০১ ভাদ্র ১৪৩৩/১৬ আগস্ট ২০২৬

নং **০৩.২৬.২৬৯০.০৭১.০৪৪.০০১.২০২৬-৪৫**—বাংলাদেশের চা শিল্পের উন্নয়নে মনিটরিং ও পরামর্শক কমিটি নিম্নরূপে গঠন করা হলো:

১.১। কমিটির গঠন:

| | | |
|---|---|---|
| (১) | মাননীয় মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয় | সভাপতি |
| (২) | প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় | সদস্য |
| (৩) | গভর্নর, বাংলাদেশ ব্যাংক | সদস্য |
| (৪) | সচিব, ভূমি মন্ত্রণালয় | সদস্য |
| (৫) | সচিব, অর্থ মন্ত্রণালয় | সদস্য |
| (৬) | সচিব, বাণিজ্য মন্ত্রণালয় | সদস্য সচিব |
| (৭) | সচিব, কৃষি মন্ত্রণালয় | সদস্য |
| (৮) | চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড | সদস্য |
| (৯) | চেয়ারম্যান, বাংলাদেশ চা বোর্ড | সদস্য |
| (১০) | চেয়ারম্যান, বাংলাদেশ চা সংসদ | সদস্য |
| (১১) | জনাব এম ওয়াহিদুল হক, প্রাক্তন চেয়ারম্যান, বাংলাদেশ চা সংসদ | সদস্য |
| (১২) | চেয়ারম্যান, টি ট্রেডার্স এসোসিয়েশন অব বাংলাদেশ | সদস্য |

এ কমিটিতে 'সচিব' বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।


**মূল্য :** টাকা ৪.০০

১.২। কমিটির কার্যপরিধি:

(১) চা বাগানের বিদ্যমান ঋণ পরিশোধ সহজীকরণের নিমিত্ত চা বাগান মালিকদের ক্ল্যাসিফাইড লোন-কে পুনঃনির্ধারণ (Reschedule) এবং নতুন করে ঋণ প্রদানের বিষয়ে সুপারিশ প্রদান করা।

(২) চা খাতের জন্য ৬% সুদে একটি আবর্তক তহবিল গঠনের বিষয়ে মতামত প্রদান করা।

(৩) চা-কে কৃষি পণ্য হিসেবে ঘোষণা এবং চা বাগানের অব্যবহৃত জায়গায় বাণিজ্যিকভাবে সোলার প্যানেল স্থাপনের বিষয়ে মতামতসহ প্রতিবেদন আগামী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে উপস্থাপন করা।

১.৩। কমিটি প্রয়োজনে সদস্য কোঅপ্ট করতে পারবে।

১.৪। কমিটির সভা প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**হাবিবুল হাসান**
পরিচালক-৪।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd